ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

২৯ বর্ষ ৩য় সংখ্যা

৩ ফাল্গুন ১৪২১, ১৫ ফেব্রুয়ারি ২০১৫

মানুষ পুড়িয়ে হত্যা, নাশকতা এবং হরতাল, অবরোধের নামে পরিকল্পিতভাবে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানে বিঘ্ন সৃষ্টি এবং দেশের সার্বিক শিক্ষা কার্যক্রম ধ্বংস করার চক্রান্তের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গত ৯ ফেব্রুয়ারি ২০১৫ অপরাজেয় বাংলার পাদদেশে এক প্রতীকী অনশন কর্মসূচির আয়োজন করে। কর্মসূচী উপলক্ষে এতে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এবং ঢাবি আইন বিভাগের অধ্যাপক ও বাংলাদেশ মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. মিজানুর রহমান।

৫ম ডাচ-বাংলা ব্যাংক ফিজিক্স অলিম্পিয়াড ২০১৫

৫ম ডাচ্‌বাংলা ব্যাংক ফিজিক্স অলিম্পিয়াড ২০১৫ জাতীয় রাউন্ডের ১ম পর্ব অনুষ্ঠান গত ৩০ জানুয়ারি ২০১৫ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। বিশেষ অতিথি হিসাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ডাচ্‌বাংলা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক কে এস তাবরেজ, বাংলাভিশনএর ব্যবস্থাপনা পরিচালক মো. আমিনুল হক এবং বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড কমিটির সভাপতি অধ্যাপক ড. খোরশেদ আহমেদ কবিরসহ দেশের বিশিষ্ট পদার্থবিদ এবং শিক্ষাবিদগণ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেন, 'বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড' দেশে পদার্থবিদ্যার অগ্রগতিতে অন্যতম প্রধান ভূমিকা পালন করছে।

বিশেষ অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড আয়োজিত হওয়ায় গর্ববোধ করেন এবং ভবিষ্যতের অনুষ্ঠানগুলোও ঢাকা বিশ্ববিদ্যালয়ে আয়োজন করার আশাবাদ ব্যক্ত করেন।

৮ম মহাত্মা গান্ধী স্মারক বক্তৃতা

ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের উদ্যোগে "Mahatma Gandhi: Quest for Harmony in Politics and Society" শীর্ষক ৮ম মহাত্মা গান্ধী স্মারক বক্তৃতা গত ৩০ জানুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে।

ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার পঙ্কজ শরণের সভাপতিত্বে অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির সভাপতি অধ্যাপক ড. আমিরুল ইসলাম চৌধুরী স্মারক বক্তৃতা প্রদান করেন। এছাড়া, অনুষ্ঠানে শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মন এবং সহযোগী অধ্যাপক মো. রফিকুল ইসলাম বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দেশের রাজনৈতিক ও সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠায় মহাত্মা গান্ধীর আদর্শ ও নীতি অনুসরণের জন্য শিক্ষার্থী ও সাধারণ জনগণের প্রতি আহ্বান জানান। তিনি মহাত্মা গান্ধীকে মানবতা ও সম্প্রীতির প্রতীক হিসাবে আখ্যায়িত করে বলেন, গান্ধী প্রমাণ করেছিলেন অহিংস আন্দোলন সহিংসতার চেয়ে অনেক বেশী শক্তিশালী। হরতাল, অসহযোগসহ তাঁর সকল আন্দোলন ছিল অহিংস। উপাচার্য মহান এই নেতার আদর্শ অনুসরণের মাধ্যমে রাজনীতিতে নীতিবোধ জাগ্রত করার জন্য দেশের রাজনীতিবিদদের প্রতি আহ্বান জানান।

ভারতীয় হাইকমিশনার পঙ্কজ শরণ ভারত-বাংলাদেশের উত্তরাধিকার সম্পর্ককে অভিন্ন হিসাবে অভিহিত করে বলেন, এই দুই প্রতিবেশী দেশ দারিদ্র বিমোচন, সমতা, সামাজিক সম্প্রীতি প্রতিষ্ঠাসহ বিভিন্ন ক্ষেত্রে কমন চ্যালেঞ্জ মোকাবেলা করছে। এসব চ্যালেঞ্জ মোকাবেলায় তিনি মহাত্মা গান্ধীর আদর্শ অনুসরণের জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, মহাত্মা গান্ধী সামাজিক ও ধর্মীয় সম্প্রীতি প্রতিষ্ঠায় আজীবন কাজ করে গেছেন। তাঁর দর্শন, বাণী ও দৃষ্টান্তসমূহ সমকালীন বিশ্বে আজও প্রাসঙ্গিক। তাই তাঁর জীবন ও কর্ম থেকে শিক্ষা নিয়ে আমাদের বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলা করতে হবে। তিনি বাংলাদেশ ও ভারতের মধ্যে জ্ঞান ও মেধাস্বত্ব বিনিময়ের ওপরও গুরুত্বারোপ করেন।

স্মারক বক্তৃতা শেষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক শান্তি র‍্যালি বের করা হয়।

অমর একুশে উদ্‌যাপন উপলক্ষে ঢাবি'র প্রস্তুতি সভা অনুষ্ঠিত

অমর একুশে ফেব্রুয়ারি, ২০১৫ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদা এবং সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে গত ২৯ জানুয়ারি ২০১৫ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকএর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রোভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন, বিভিন্ন অনুষদের ডীন, হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, সিনেট-সিন্ডিকেট সদস্য, শিক্ষক সমিতির প্রতিনিধি, অফিস প্রধানগণ, কর্মকর্তা ও কর্মচারী সমিতিসমূহের প্রতিনিধি এবং বিভিন্ন সংস্থার প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন। সভার শুরুতে মহান ভাষা আন্দোলনে শহীদ ভাষা সৈনিক ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মুক্তিযুদ্ধের শহীদদের স্মরনে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে অমর একুশে ফেব্রুয়ারি উদ্‌যাপনের কর্মসূচী পরিচালনার উদ্দেশ্যে সভায় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদকে সমন্বয়কারী এবং শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. হাসিবুর রশীদ ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালকে যুগ্মসমন্বয়কারী করে অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ এম আমজাদ এই কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন।

এছাড়াও সভায়, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে মহান অমর একুশে উদ্‌যাপনের লক্ষ্যে ১১টি উপ-কমিটি গঠন করা হয়। এগুলো হচ্ছে ঃ ঘোষণা মঞ্চ ব্যবস্থাপনা উপ-কমিটি, সাজসজ্জা উপ-কমিটি, জরুরী চিকিৎসা ব্যবস্থাপনা উপ-কমিটি, বৈদ্যুতিক আলো ব্যবস্থাপনা উপ-কমিটি, পরিবহন উপ-কমিটি, বাজেট উপ-কমিটি, আপ্যায়ন উপ-কমিটি, স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনা উপ-কমিটি, শৃঙ্খলা উপ-কমিটি, দাপ্তরিক কার্যাবলী ব্যবস্থাপনা উপ-কমিটি এবং একুশের রাতে শারীরিক শিক্ষা কেন্দ্রের সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ উপ-কমিটি।

সভাশেষে দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতিতে অগ্নিদগ্ধ নির্বিচার হত্যার শিকার সাধারণ মানুষের প্রতি শোক জানিয়ে এ ধরণের হীন কর্মকান্ডের প্রতি নিন্দা জানানো হয়।

জহুরুল হক হলের প্রাধ্যক্ষের 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৪' লাভ

ঢাবি ইতিহাস বিভাগের অধ্যাপক ও শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ ড. আবু মো. দেলোয়ার হোসেন মুক্তিযুদ্ধভিত্তির সাহিত্যে সামগ্রিক অবদানের স্বীকৃতিস্বরূপ 'বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার ২০১৪' লাভ করেছেন। গত ১ ফেব্রুয়ারি ২০১৫ একাডেমির বইমেলা উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র কাছ থেকে তিনি পুরস্কার গ্রহণ করেন।

বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতির ২৩তম সম্মেলন স্থগিত

বাংলাদেশ বিজ্ঞান উন্নয়ন সমিতির উদ্যোগে ৫-৭ ফেব্রুয়ারি ২০১৫ অনুষ্ঠেয় ২৩তম বিজ্ঞান সম্মেলন অনিবার্য কারণে স্থগিত করা হয়েছে করা বলে সমিতির পক্ষ থেকে জানিয়েছেন এর সভাপতি এবং ঢাবি প্রো উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। সম্মেলনের নতুন তারিখ পরে জানানো হবে।

'ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং' বিভাগের নতুন নামকরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদভুক্ত 'ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং' বিভাগের নাম বাংলায় 'তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল' নামকরণ করা হয়েছে। যোগাযোগের ক্ষেত্রে নতুন নাম ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা যাচ্ছে।

আন্তঃহল এ্যাথলেটিক্স প্রতিযোগিতা

ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৬তম আন্তঃহল এ্যাথলেটিক্স প্রতিযোগিতা গত ১১ ফেব্রুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দু'দিনব্যাপী এই বর্ণাঢ্য প্রতিযোগিতার উদ্বোধন করেন। আন্তঃহল এ্যাথলেটিক্স কমিটির সভাপতি কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, কর্মকর্তা ও বিপুল সংখ্যক প্রতিযোগি উপস্থিত ছিলেন।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ভাষা আন্দোলনের এই মাসে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন, বর্তমান নানা প্রতিবন্ধকতার মধ্যেও মাসব্যাপী বিশ্ববিদ্যালয়ের ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন এবং আজকের এই বিপুল সমাগমের মাধ্যমে আন্তঃহল এ্যাথলেটিক্স প্রতিযোগিতার উদ্বোধন প্রমাণ করে আমরা শান্তির পক্ষে, সহিংসতার বিরুদ্ধে। উপাচার্য বিশ্ববিদ্যালয়ের ক্রীড়াবিদরা খেলাধুলার মাধ্যমে লেখাপড়ার পাশাপাশি সত্য, সুন্দর এবং শৃঙ্খলার মূল্যবোধ প্রতিষ্ঠা করবে এ আশাবাদ ব্যক্ত করেন। বর্তমান সন্ত্রাসের কাছে মাথা নত না করে সাধারণ মানুষের নিরাপত্তা ও সম্ভ্রম রক্ষা করার ব্যবস্থা নেয়ার জন্য সরকারের প্রতি তিনি আহ্বান জানান।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯টি হল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। গত ১২ ফেব্রুয়ারি ২০১৫ প্রতিযোগিতা শেষে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করবেন বিশ্ববিদ্যালয়ের প্রোউপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রো উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

বঙ্গবন্ধুর প্রেস সেক্রেটারির মৃত্যুতে উপাচার্যের শোক

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রেস সেক্রেটারি আমিনুল হক বাদশা-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। আজ ১০ ফেব্রুয়ারি ২০১৫ মঙ্গলবার ভোর ৬টায় চিকিৎসাধীন অবস্থায় লন্ডনের একটি হাসপাতালে মারা যান তিনি।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রেস সেক্রেটারি আমিনুল হক বাদশা স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার সংগ্রামে ও মুক্তিযুদ্ধে অনন্য অবদান রেখেছেন। সাংবাদিক হিসেবেও ছিল তাঁর অসামান্য অবদান। ১৯৭৫ সালে বঙ্গবন্ধুর নির্মম হত্যাকান্ডের পর প্রবাসীদের মধ্যে এবং আন্তর্জাতিক গণমাধ্যমে বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলন আর মুক্তিযুদ্ধের পক্ষ শক্তির অনুকূলে জনমত সৃষ্টির ক্ষেত্রে তাঁর অবদান অনস্বীকার্য।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উলেখ্য, আমিনুল হক বাদশা ১৯৬৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে সমাজবিজ্ঞান বিষয়ে এম এ সম্পন্ন করেন। অতঃপর দীর্ঘপথ পরিক্রমায় ইংল্যান্ডেও সম্পন্ন করেন আরেকটি এম.এ.। পাকিস্তানি সামরিক শাসক আইয়ুব খানের সময় ছাত্র রাজনীতিতে জড়িত থাকার কারণে বিভিন্ন সময় তিনি কারাভোগ করেছেন। পূর্ব পাকিস্তান ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ইকবাল হলের সাধারণ সম্পাদক ছিলেন তিনি। আমিনুল হক বাদশা মুজিব নগরের স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অন্যতম প্রতিষ্ঠাতা এবং মুজিব নগর বাংলাদেশ মিশনের বাহ্যিক প্রচার বিভাগের পরিচালক ছিলেন। ১৯৬৯ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রেস সেক্রেটারি হিসেবে নিযুক্ত হন,১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানের সেই ঐতিহাসিক জনসমুদ্রে বঙ্গবন্ধুকে ঘিরে যেসব ছাত্রনেতা মঞ্চে ছিলেন তাঁদেরই একজন এই আমিনুল হক বাদশাহ। ১৯৭৫ সালের শেষ দিকে সামরিক শাসনের কোপানলে তিনি লন্ডনে চলে যেতে বাধ্য হন।তিনি ভারত, বাংলাদেশ ও ইংল্যান্ড এর বিভিন্ন জাতীয় পত্রিকার সংবাদদাতা হিসেবে কাজ করেছেন। এছাড়া এটিএন বাংলা ইউকেতে দীর্ঘদিন ধরে কাজও করেছেন।

প্রবীণ সাংবাদিক খোন্দকার আলী আশরাফ-এর মৃত্যুতে উপাচার্যের শোক

প্রবীণ সাংবাদিক ও ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রাক্তন খণ্ডকালীন শিক্ষক খোন্দকার আলী আশরাফ-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের একজন নিবেদিতপ্রাণ খণ্ডকালীন শিক্ষক ছিলেন খোন্দকার আলী আশরাফ। তিনি ছাত্র-ছাত্রীদের কাছে একজন প্রিয় শিক্ষক হিসেবে তাঁর ব্যক্তিত্ব এবং জ্ঞান বিনিময়ে অত্যন্ত জনপ্রিয়তার সাথে দীর্ঘদিন শিক্ষকতা করেছেন। শিক্ষকতার পাশাপাশি তিনি তাঁর কর্মজীবনের প্রায় পুরোটাই বিভিন্ন পত্রিকার সাথে যুক্ত থেকে দায়িত্ব পালন করেছেন। তিনি মানুষের কাছে বিদগ্ধ একজন শিক্ষক ও প্রবীণ সাংবাদিক হিসেবে স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উলেখ্য, শিক্ষক খোন্দকার আলী আশরাফ (৮০) গত ২৭ জানুয়ারি ২০১৫, রাজধানীর উত্তরায় নিজ বাসভবনে বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন।

বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

স্যার এ এফ রহমান হল

স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় দর্শন বিভাগের মাস্টার্সের ছাত্র সবুজ চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, গ্রাফিক ডিজাইন বিভাগের মাস্টার্সের ছাত্র মো: সাইফুল ইসলাম জনি এবং বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের ২য় বর্ষের ছাত্র মেহেদী হাসান যুগ্মভাবে রানার্স-আপ হন। গত ২৭ জানুয়ারি ২০১৫ মঙ্গলবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন। এসময় স্যার এ এফ রহমান হলের প্রভোস্ট অধ্যাপক ড. আজিজুর রহমানসহ আবাসিক শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কবি সুফিয়া কামাল হল

কবি সুফিয়া কামাল হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় দর্শন বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্রী আফসানা পারভীন চ্যাম্পিয়ন এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪র্থ বর্ষের ছাত্রী খাদিজা তাহিরা রানার্স-আপ হয়েছেন। গত ২৮ জানুয়ারি ২০১৫ বুধবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এর আগে সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন। এসময় কবি সুফিয়া কামাল হলের প্রভোস্ট অধ্যাপক ড. নীলুফার নাহারসহ আবাসিক শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধু হল

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ১ম বর্ষের ছাত্র জাহিদুল ইসলাম চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের মাস্টার্সের ছাত্র রাকিব রানা এবং শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের মাস্টার্সের ছাত্র আলতাফ হোসেন যুগ্মভাবে রানার্সআপ হন। গত ২৯ জানুয়ারি ২০১৫ বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন। এসময় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট অধ্যাপক ড. বায়তুল্লাহ কাদেরীসহ আবাসিক শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শামসুন নাহার হল

শামসুন নাহার হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় দর্শন বিভাগের ২য় বর্ষের ছাত্রী আফরোজা আক্তার চ্যাম্পিয়ন এবং মৃৎশিল্প বিভাগের মাষ্টার্সের ছাত্রী আশরাফী সুলতানা রানার্স-আপ হয়েছেন। গত ৩০ জানুয়ারি ২০১৫ শুক্রবার কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে শামসুন নাহার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক সাজেদা বানুসহ আবাসিক শিক্ষক, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

অমর একুশে হল

অমর একুশে হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১ ফেব্রুয়ারি ২০১৫ রবিবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতায় পরিসংখ্যান, প্রাণ পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান বিভাগের ৩য় বর্ষের ছাত্র শাহরিয়ার জামান এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের ২য় বর্ষের ছাত্র সাইফুল ইসলাম যুগ্মভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের ৩য় বর্ষের ছাত্র বদরুল আলম লিমন রানার্স-আপ হন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এর আগে সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন। এসময় অমর একুশে হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো: আনোয়ারুল ইসলামসহ আবাসিক শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মৈত্রী হল

বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ইংরেজি বিভাগের মাস্টার্সের ছাত্রী উম্মে সিফাত তুলি চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, দর্শন বিভাগের মাস্টার্সের ছাত্রী নাজনীন নাহার এবং সমাজবিজ্ঞান বিভাগের ৪র্থ বর্ষের ছাত্রী ফারহানা পারভীন যুগ্মভাবে রানার্স-আপ হন। গত ২ ফেব্রুয়ারি ২০১৫ সোমবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এর আগে সকালে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন প্রতিযোগিতার উদ্বোধন করেন। এ সময় বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রভোস্ট অধ্যাপক ড. মুবিনা খোন্দকারসহ আবাসিক শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

জহুরুল হক হল

শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ৩ ফেব্রুয়ারি ২০১৫ মঙ্গলবার বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে। প্রতিযোগিতায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্সের ছাত্র মো: শাহিনূর রহমান চ্যাম্পিয়ন এবং লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের ২য় বর্ষেরছাত্র সামিন মো: ফারহান রানার্স-আপ হয়েছেন।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এর আগে সকালে প্রতিযোগিতার উদ্বোধন করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন। এসময় শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রভোস্ট অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেনসহ আবাসিক শিক্ষক ও শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ছাত্রীদের প্রীতি ক্রিকেট ম্যাচে নীলদল জয়ী

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রীদের প্রীতি ক্রিকেট ম্যাচে নীলদল ১২রানে হলুদদলকে পরাজিত করেছে। গত ১ ফেব্রুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে ছাত্রীদের অংশগ্রহণে প্রথমবারের মত এই প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। নীলদল প্রথমে ব্যাট করতে নেমে নির্ধারিত ৬ ওভারে ৪১ রান সংগ্রহ করে। জবাবে হলুদদল নির্ধারিত ওভারে ২৯ রান করতে সক্ষম হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গত ২৮ জানুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে কবি সুফিয়া কামাল হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ছবিতে প্রধান অতিথির সঙ্গে বিজয়ীদের দেখা যাচ্ছে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গত ২৯ জানুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ১ ফেব্রুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অমর একুশে হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গত ২ ফেব্রুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ছবিতে অতিথিদের সঙ্গে বিজয়ী ছাত্রীদের দেখা যাচ্ছে।

প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন গত ৩০ জানুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে শামসুন নাহার হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ছবিতে অতিথিদের সঙ্গে বিজয়ী ছাত্রীদের দেখা যাচ্ছে।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন গত ২৭ জানুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে স্যার এ এফ রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ছবিতে কোষাধ্যক্ষের সঙ্গে বিজয়ী খেলোয়ারদের দেখা যাচ্ছে।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

পোল্যান্ডের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত পোল্যান্ডের রাষ্ট্রদূত টমাস লুকাসজুক গত ২ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক্এর স ঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় তাঁর স্ত্রী মারিয়া লুকাসজুক, বাংলাদেশে নিযুক্ত পোল্যান্ডের অনারারি কনস্যুলেট রেশাদুর রহমানসহ অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থসংশি্লষ্ট বিষয়াদি বিশেষ করে উচ্চ শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে বাংলাদেশ ও পোল্যান্ডের মধ্যে দ্বি পাক্ষিক সম্পর্ক আরও জোরদার করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া, তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পোল্যান্ডের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও আলোচনা করেন। এ সময় তাঁরা বাংলাদেশী শিক্ষার্থী ও গবেষকদের জন্য পোল্যান্ডে মেডিকেল, বিজ্ঞান, কলা এবং সামাজিক বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে উচ্চতর ডিগ্রি অর্জন ও গবেষণার সুযোগ সৃষ্টির বিষয়ে মত বিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পোল্যান্ডের রাষ্ট্রদূত টমাস লুকাসজুককে বিশ্ববিদ্যালয়ে আসার জন্য ধন্যবাদ জানান। তিনি প্রত্যাশা ব্যক্ত করে বলেন যে, রাষ্ট্রদূতের এ সফর পোল্যান্ড এবং বাংলাদেশের দ্বিপা ক্ষিক সম্পর্ক উন্নয়নের ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখবে, যা ভবিষ্যতে যৌথ সহযোগিতামূলক কর্মসূচী পরিচালনার ক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখবে।

যুক্তরাষ্ট্রের অধ্যাপক

যুক্তরাষ্ট্রের উইচিটা স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক ড. আবু এস এম মাসুদ গত ৩ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থসংশি্লষ্ট বিষয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের উইচিটা স্টেট ইউনিভার্সিটির মধ্যে উচ্চশিক্ষা ও গবেষণার ক্ষেত্রে যৌথ সহযোগিতামূলক কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান।

সার্ন-এর মুখপাত্র

ইউরোপিয়ান অরগানাইজেশন ফর নিউকিয়ার রিসার্চ (সার্ন্)এর এলিস এক্সপেরিমেন্ট মুখপাত্র ড. পাওলো গিবেলিনো গত ৩ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক্এর স ঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এ সময় ঢাবি তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এম আরশাদ মোমেন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থসংশি্লষ্ট বিষয়াদি বিশেষ করে তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগের সাথে যৌথ সহযোগিতামূলক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে গবেষক এবং শিক্ষার্থীদের উন্নততর জ্ঞান ও অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে গবেষণা ও প্রশিক্ষণের বিষয়ে আলোচনা করেন। এ সময় তাঁরা পদার্থবিজ্ঞানে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক অভিজ্ঞতা অর্জনের জন্য ঢাবি গবেষক ও তরুণ বিজ্ঞানীদের অংশগ্রহণে সার্ন প্রধান কার্যালয়ে একটি কর্মশালা আয়োজনের ব্যাপারেও মত বিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সার্ন্এর মুখপাত্র ড. পাওলো গিবেলিনোকে বিশ্ববিদ্যালয়ে আসার জন্য এবং এর বৈজ্ঞানিক সক্ষমতা বৃদ্ধিতে আগ্রহ প্রকাশের জন্য ধন্যবাদ জানান। তিনি যৌথ সহযোগিতামূলক কর্মসূচী বাস্তবায়নে সার্ন্এর মহাপরিচাল কের আন্তরিক আগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আশাবাদ ব্যক্ত করে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সার্ন্এর ম ধ্যে বিরাজমান দ্বিপা ক্ষিক সম্পর্ক ভবিষ্যতে আরও জোরদার হবে।

রাশিয়ার প্রতিনিধিদল

রাশিয়ার স্টেট ইউনিভার্সিটির ডিরেক্টিং বিভাগের ডিন ড. বায়চের ভ্লাদিমি'র নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৪ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন্ন ঢাকা স্থ রাশিয়ার বিজ্ঞান ও সংস্কৃতি কেন্দ্রের পরিচালক আলেক্সান্ডার পি. ডেমিন এবং মস্কোর থিয়েটার প্রডিউসার এবং ফেস্টিভ্যাল ম্যানেজার ফেদুলোভা আনাসতাসিয়া।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের চেয়ারম্যান সুদীপ চক্রবর্তী এবং অধ্যাপক ড. ইসরাফিল শাহীন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং রাশিয়ার স্টেট ইউনিভার্সিটির মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। এছাড়া, দুই প্রতিষ্ঠানের মধ্যে যৌথ পিএইচডি প্রোগ্রাম চালুর ব্যাপারেও আলোচনা করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

ব্রিটিশ কাউন্সিল পরিচালক

ঢাকাস্থ ব্রিটিশ কাউন্সিলের পরিচালক বারবারা উইকহাম্ গত ৮ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক্এর স ঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থসংশি্লষ্ট বিষয়াদি বিশেষ করে ঢাবি শিক্ষার্থীদের ইংরেজি ভাষায় লেখা ও পড়ার দক্ষতা উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। এ সময় তাঁরা শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা সহজতর করার লক্ষ্যে ঢাবি এবং ব্রিটিশ কাউন্সিলের যৌথ উদ্যোগে ইংরেজি ভাষা শিক্ষাকোর্স বাস্তবায়নের ব্যাপারেও মতবিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয়ে আসার জন্য এবং এর একাডেমিক কার্যক্রমে গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিকে ধন্যবাদ জানান। উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষণ পদ্ধতি আধুনিকায়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে ব্যাপকভাবে ব্যবহারের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহায়ক ভূমিকা পালন করবে। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও আবাসিক হলে আধুনিক প্রযুক্তির দ্রুত সম্প্রসারণ করা হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন।

জাপানী অধ্যাপক

জাপান এ্যাডভান্সড ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (জেএআইএসটি্)এর ইমিরিটাস ও গবেষণা অধ্যাপক ড. সুসুমু কুনি ফুজি গত ১০ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

এ সময় ঢাবি তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম জাবেদ আহমদ, সহযোগী অধ্যাপক ড. মো.সাইফুল ইসলাম ও ড. মো. রোকনুজ্জামান এবং জেএআইএসটি্এর পিএইচডি শি ক্ষার্থী তৌফিক আহমেদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ করে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনার ওপর শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। একইসাথে তাঁরা উভয় প্রতিষ্ঠানের মধ্যে উচ্চশিক্ষার প্রসারে যৌথ কার্যক্রম পরিচালনার বিভিন্ন দিক নিয়েও আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশ্ববিদ্যালয়ে আসার জন্য অধ্যাপক সুসুমু কুনি ফুজিকে ধন্যবাদ জানান এবং যৌথভাবে একাডেমিক ও গবেষণা কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে উভয় প্রতিষ্ঠানের মধ্যে বিদ্যমান দ্বিপা ক্ষিক সম্পর্ক আরও জোরদার হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

ইসলামী প্রজাতন্ত্র ইরানের বিপবের ৩৬তম বিজয় বার্ষিকী উপলক্ষে ইরান কালচারাল সেন্টারের উদ্যোগে গত ৭ ফেব্রুয়ারি ২০১৫ ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে 'ইসলামী প্রজাতন্ত্র ইরানের বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত অগ্রগতি' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি এবং ঢাকাস্থ ইসলামী প্রজাতন্ত্র ইরানের রাষ্ট্রদূত ড. আব্বাস ভেইজি দেহনাভী বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ইরানের আলমু স্তাফা আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশস্থ প্রতিনিধি ড. আলী আলীরেযায়ীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিবিদ ড. মোহাম্মদ আলতাফ হোসেন।

গত ৮ ফেব্রুয়ারি ২০১৫ ঢাবি আধুনিক ভাষা ইনস্টিটিউটে চীনা ভাষা বিভাগ ও ঢাকাস্থ গণপ্রজাতন্ত্রী চীনা দূতাবাসের যৌথ উদ্যোগে চীনা নববর্ষ উৎসব উপলক্ষে অনুষ্ঠিত হলো "Spring Festival Gala of University of Dhaka-2015"। এতে চীনা দূতাবাসের চার্জ দ্যা এ্যাফেয়ার্স কু গুয়াংঝু (Qu Guangzhou) প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। ছবিতে উৎসবের কেক কাটছেন অতিথিবৃন্দ।

বাংলাদেশে নিযুক্ত পোল্যান্ডের রাষ্ট্রদূত টমাস লুকাসজুক গত ২ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকএর স ঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

জাপান এ্যাডভান্সড ইনস্টিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (জেএআইএসটি)এর ইমিরিটাস ও গবেষণা অধ্যাপক ড. সুসুমু কুনি ফুজি গত ১০ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাাৎ করেন।

যুক্তরাষ্ট্রের উইচিটা স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক ড. আবু এস এম মাসুদ গত ৩ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছেন।

রাশিয়ার স্টেট ইউনিভার্সিটির ডিরেক্টিং বিভাগের ডিন ড. বায়চের ভলাদিমি'র নেতৃত্বে ৩ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৪ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

ইউরোপিয়ান অরগানাইজেশন ফর নিউক্লিয়ার রিসার্চ (সার্ন)এর এলিস এ ক্সপেরিমেন্ট মুখপাত্র ড. পাওলো গিবেলিনো গত ৩ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকএর স ঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

ঢাকাস্থ ব্রিটিশ কাউন্সিলের পরিচালক বারবারা উইকহাম্ গত ৮ ফেব্রুয়ারি ২০১৫ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক-এর সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগ গত ১ ফেব্রুয়ারি ২০১৫ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বর্ণাঢ্য র‍্যালি বের করে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক র‍্যালির নেতৃত্বে দেন।

ডেভেলপমেন্ট কমিউনিকেশন ফেলোশিপ পেলেন ৬ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ এবং উন্নয়ন অধ্যয়ন বিভাগের ৬জন ছাত্রছা ত্রী "ডেভেলপমেন্ট কমিউনিকেশন ফেলোশিপ" লাভ করেছেন। এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অন বাজেট এন্ড পলিসি'র উদ্যোগে এই ফেলোশিপ প্রদান করা হয়। গত ৯ ফেব্রুয়ারি ২০১৫ প্রশাসনিক ভবনে আয়োজিত এক বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক আখতার সুলতানা, টেলিভিশন ও চলচ্চিত্র অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এজেএম শফিউল আলম ভূঁইয়া প্রমুখ বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দেশাত্ববোধ ও মানবিক মূল্যবোধে জাগ্রত হয়ে দেশের সাধারণ মানুষের ভাগ্যোন্নয়নে কাজ করার জন্য

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক শিক্ষার্থীদের ফেলোশিপ প্রদান করেন।

সেন্টার অন বাজেট এন্ড পলিসি'র পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফের সভাপতিত্বে অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, গণযোগাযোগ ও সাংবাদিকতা শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে দেশের চলমান সহিংসতা ও ধ্বংসাত্মক কর্মকাণ্ডের বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের সোচ্চার হতে হবে।

ফেলোশিপ প্রাপ্তরা হলেন্ন সা জ্জাদ হোসেন ফাহিম, নিশাত পারভেজ, ছোটন দেব নাথ ও আবদুল্লাহ মোহায়মেন (গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ) এবং হারুনুর রশিদ শামস্ ও বায়েজিদ খান (উন্নয়ন অধ্যয়ন বিভাগ)।

ঢাবি এবং এফসিএল-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাজ্য ভিত্তিক আন্তর্জাতিক প্রতিষ্ঠান ফিউচার কার্বন লিমিটেড (এফসিএল)এর মধ্যে গত ১০ ফেব্রুয়ারি ২০১৫ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোউপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন এবং ফিউচার কার্বন লিমিটেডের পরিচালক রাদেন সিদ্দিকী এবং ফিউচার কার্বন লিমিটেড দেশে জ্বালানী সাশ্রয়ী উন্নত রান্নার চুলা নির্মাণে একযোগে কাজ করবে। এ সংক্রান্ত যৌথ গবেষণা কার্যক্রমও পরিচালনা করা হবে। এছাড়া, দুই প্রতিষ্ঠান নবায়নযোগ্য শক্তি বিষয়ে যৌথভাবে সম্মেলন, কারিগরি সেমিনার এবং কর্মশালার আয়োজন করবে। উভয় প্রতিষ্ঠান গবেষক ও কর্মকর্তা

নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সাইফুল হক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী বিনিময়, নবায়ণযোগ্য শক্তিসহ বিভিন্ন বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় এবং তথ্য আদানপ্রদান করবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য ফিউচার কার্বন লিমিটেড কর্তৃপক্ষসহ সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। দেশের সাধারণ মানুষের ভাগ্যোন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ফিউচার কার্বন লিমিটেড ঐক্যবদ্ধভাবে কাজ করবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

৩জন শিক্ষার্থীকে নুজহাত জাহাঙ্গীর মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডের বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩জন মেধাবী শিক্ষার্থীকে গত ৫ ফেব্রুয়ারি ২০১৫ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে "নুজহাত জাহাঙ্গীর মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি ২০১৩" প্রদান করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বৃত্তিপ্রাপ্তদের মাঝে বৃত্তির টাকা বিতরণ করেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন্ন ২০১৩ স নের বিএসএস (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ লাভ করায় অর্থনীতি বিভাগ থেকে মাহতাব উদ্দিন, সমাজবিজ্ঞান বিভাগ থেকে ইসরাত জাহান আইমুন এবং নৃবিজ্ঞান বিভাগ থেকে ইভতেসাম আফরিন।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও নুজহাত জাহাঙ্গীর বলেন, সত্যিকারের একজন মানুষের পক্ষে হরতাল্ল অবরোধের নামে পেট্রোল বোমা মেরে সাধারণ মানুষকে নির্মমভাবে হত্যা করা সম্ভব নয়। শুধু অমানুষেরাই নির্দেশ দিয়ে, অর্থ দিয়ে এই বর্বরতা চালাচ্ছে, শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করার চক্রান্ত করছে, রেল্ললাইন উপ ড়ে ফেলছে, যানবাহন পোড়াচ্ছে, নানা ধরনের নাশকতা চালিয়ে যাচ্ছে। উপাচার্য বলেন, নাতনীরা মালয়েশিয়া গিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে, আর দেশের ১৫ লাখ ছেলেমেয়েদের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে ন্নাএই প্রতারণার রাজনীতি আর চলতে দেয়া যায় না।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক প্রতারণামূলক এই রাজনীতির বিরুদ্ধে রুখে দাড়ানোর জন্য মুক্তিযুদ্ধের

মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ, শুভেচ্ছা বক্তব্য রাখেন সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ড. মহীউদ্দীন খান আলমগীর এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সাইফুর রশীদ এবং সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মনিরুল ইসলাম খান।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রয়াত নুজহাত জাহাঙ্গীরের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, নুজহাত জাহাঙ্গীর দেশের শিক্ষা প্রসারে যে ধরনের চিন্তা চেতনা নিয়ে কাজ করে গেছেন, তা অব্যাহত রাখতে হবে। উপাচার্য আরও চেতনায় সোচ্চার হয়ে দেশের গণতন্ত্রকে মজবুত ও অব্যাহত রাখতে নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্যে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী ড. মহীউদ্দীন খান আলমগীর বলেন, মেধা বিকাশের জন্য তার ভাই অধ্যাপক ড. বোরহান উদ্দিন খান জাহাঙ্গীরের স্ত্রী নুজহাত জাহাঙ্গীর স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ে "নুজহাত জাহাঙ্গীর মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড" প্রতিষ্ঠা করা হয়েছে। তিনি বলেন, তাঁর পরিবারের অধিকাংশ সদস্যরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার সঙ্গে যুক্ত ছিল এবং আছেন। তাই ঢাবির সাথে তাঁদের পারিবারিক সম্পর্ক রয়েছে। এই সম্পর্ককে আরও সুদৃঢ় করতে আগামীতেও তাঁর পরিবার সাহায্যসহ যোগিতা অব্যাহত রাখবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

জাবেদা খাতুন-আবদুস সবুর মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড গঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদে 'জোবেদা খাতুন্ন আবদুস সবুর মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' গঠন করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত জোবেদা খাতুন ও প্রয়াত আবদুস সবুরের মেয়ে মাহমুদা বেগম ৫ (পাঁচ) লাখ টাকার একটি চেক গত ৪ ফেব্রুয়ারি এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতি বছর ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের মেধাবী ও অস্বচ্ছল ১জন ছাত্র এবং ১জন ছাত্রীকে 'জোবেদা খাতুন্ন আবদুস সবুর মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড' বৃত্তি প্রদান করা হবে।

২০১৫ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। উল্লেখ্য, প্রয়াত আবদুস সবুরের কানাডা প্রবাসী ছেলে আবু ইউসুফ পিতামাতার স্মরণে ট্রাস্ট ফান্ড গঠনের জন্য অর্থ প্রদান করেছেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. আ স ম উবাইদ উল্লাহ, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমান এবং দাতার আত্মীয় স্বজন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আবদুস সবুর ১৯৩৬ সালের ৪ জানুয়ারি ঢাকায় জন্মগ্রহণ করেন। তিনি তৎকালীন আর্ট কলেজের (বর্তমান ঢাবি চারুকলা অনুষদ) ৩য় ব্যাচের ছাত্র ছিলেন। স্নাতক পরীক্ষায় তিনি ১ম স্থান অধিকার করেন। তিনি এফডিসির প্রধান শিল্প নির্দেশক ছিলেন। চলচ্চিত্র শিল্পে অসাধারণ অবদানের স্বীকৃতি স্বরূপ তিনি জাতীয় চলচ্চিত্র পুরস্কারসহ বিভিন্ন পুরস্কার লাভ করেছিলেন। তিনি ২০০৮ সালের ২ সেপ্টেম্বর ইন্তেকাল করেন। তাঁর স্ত্রী জোবেদা খাতুন একজন গৃহিণী ছিলেন। মিসেস জোবেদা ১৯৪৩ সালে জন্মগ্রহণ করেন এবং ২০০৭ সালে মৃত্যুবরণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় গবেষণা ব্যুরো কর্তৃক আয়োজিত "Training Course on Business Research Methodology" এর সনদপত্র বিতরণ অনুষ্ঠান গত ৭ ফেব্রুয়ারি ২০১৫ বিজনেস স্টাডিজ অনুষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম উপস্থিত ছিলেন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), সহকারী সম্পাদক: আনোয়ারুল আজিম, প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার ও মোঃ জাকির হোসেন। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত।